দৈনিক সংবাদ

৫

তারিখ ..2.4. MAY 1995

পৃষ্ঠা ২ কলাম ৫

# শিক্ষা সংকোচন নীতির বিরুদ্ধে আন্দোলন জোরদার করার আহ্বান

কাগজসহ সকল প্রকার শিক্ষা উপকরণের মূল্য হ্রাসের দাবিতে ও সরকারের শিক্ষা সংকোচন নীতির বিরুদ্ধে চলমান ছাত্র আন্দোলনকে বেগবান করার আহ্বান জানিয়েছে বাংলাদেশ ছাত্র ইউনিয়নের নেতৃবৃন্দ।

গতকাল মঙ্গলবার সংগঠনের সবুজবাগ থানার খিলগাঁও আঞ্চলিক শাখার উদ্যোগে খবির হোসেন তুহিনের সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মিসভায় নগর কমিটির সাধারণ সম্পাদক রুস্তম আলী খোকন, দপ্তর সম্পাদক আদনান রিয়াদ, স্কুল ছাত্র বিষয়ক সম্পাদক মাহবুবুর রহমান শিপন, সমাজকল্যাণ সম্পাদক আহমেদ রিয়াজ প্রমুখ নেতা এই বক্তব্য উপস্থাপন করেন।